

কৃষিই সমৃদ্ধি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর  
উদ্ভিদ সংরক্ষণ উইং  
খামারবাড়ি, ঢাকা-১২১৫।

স্মারক নং: ১২.১১.০০০০.০১২.৩৮.০০১.১৮/২৫৪৯(১৭)


তারিখ: ০৯/১২/২০১৯

প্রাপক  
উপ পরিচালক  
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর  
-----জেলা (সকল)।

বিষয়: রবি মৌসুমে ভূট্টা ফসলে ফল আর্মিওয়ার্ম পোকা আক্রমণ বিষয়ে সতর্কবার্তা ও প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, সাপ্তাহিক প্রতিবেদন ও সরেজমিন পরিদর্শনের মাধ্যমে জানা যায় যে, মানিকগঞ্জ এর সদর, সিংগাইর, সাটুরিয়া, শিবালয় উপজেলায়, চাপাইনবাবগঞ্জ এর সদর উপজেলায়, নীলফামারীর ডিমলা ও ডোমার উপজেলায়, লালমনিরহাট এর কালীগঞ্জ ও পাটগ্রাম উপজেলায়, ঝিনাইদাহ এর মহেশপুর উপজেলায়, চূয়াডাঙ্গা এর সদর ও দামুরছদা উপজেলায় এবং মেহেরপুর এর গাংনী উপজেলায় শীতকালীন ভূট্টা ফসলে ফল আর্মিওয়ার্ম পোকাকার আক্রমণ হয়েছে। এমতাবস্থায়, পোকাটির আক্রমণে যেন ভূট্টা ফসলের উৎপাদন ক্ষতিগ্রস্ত না হয় সেজন্য ০৯/০৯/২০১৯ খ্রি. তারিখে ১২.১১.০০০০.০১২.৩৮.০০১.১৮-১৬০৬/১(১৮) স্মারকে অত্র দপ্তর থেকে প্রেরিত লিফলেটটি আপনার অঞ্চলাধীন সকল জেলা, উপজেলায় প্রেরণসহ সকল কর্মকর্তাদের ফল আর্মিওয়ার্ম পোকাকার আক্রমণ বিষয়ে সজাগ দৃষ্টি রাখা এবং পোকাকার উপস্থিতি পরিলক্ষিত হলে দমনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশ দেয়া হয়। তৎসঙ্গেও পোকাকার আক্রমণ বৃদ্ধির প্রবণতা দেখা যাচ্ছে। এমতাবস্থায়, জোরালোভাবে পোকা/মাঠ জরিপ (ট্র্যাপের মাধ্যমে), এসএনপিডি ব্যবহার, ট্র্যাপ ব্যবহার সহ অন্যান্য দমন ব্যবস্থা গ্রহণ পূর্বক পোকাকার আক্রমণ নিয়ন্ত্রণ করার জন্য বলা হলো। উল্লেখ্য অল্প সময়ের মধ্যে FAO কর্তৃক ফাঁদ বিতরণ ও প্রশিক্ষণ দেয়া হবে। ইতিমধ্যে CYMMIT কর্তৃক মনিটরিং এর জন্যও কর্মকর্তাদের প্রশিক্ষণ দেয়া হয়েছে। প্রশিক্ষণপ্রাপ্ত কর্মকর্তাগণ প্রতি এসএএও সভায় এ বিষয়ে অন্যান্য এসএএও দের (যারা প্রশিক্ষণ পায়নি) তাদের প্রশিক্ষণ দিবেন। মনিটরিং কাজে CYMMIT এর অনলাইন ব্যবস্থায় তথ্য সরবরাহ করতে হবে এবং FAO কর্তৃক সরবরাহকৃত ট্র্যাপের মাধ্যমে প্রেরিত ছকে (ছক ১,২,৩,৪) তথ্য পৃথক ভাবে ব্লক থেকে উপজেলায়, উপজেলা থেকে জেলায়, জেলা থেকে অঞ্চলে দিতে হবে। প্রতি বুধবার অঞ্চল থেকে প্রতিবেদন নির্ধারিত ছকে (ছক-৪) উদ্ভিদ সংরক্ষণ উইং এ ইমেইল যোগে ([ddsurdade@gmail.com](mailto:ddsurdade@gmail.com)) এবং হার্ড কপি ডাকযোগে নিম্ন স্বাক্ষরকারী বরাবরে এবং সরেজমিন উইং কে প্রেরণ করতে হবে।

সংযুক্তি- বর্ণনামতে ছকপত্র ১,২,৩,৪(৪ পাতা)

  
(এ জেড এম ছাব্বির ইব্নে জাহান)

পরিচালক

উদ্ভিদ সংরক্ষণ উইং

ফোননং : ৯১৩১২৯৫

অনুলিপি জ্ঞাতার্থে ও কার্যার্থে :

১. পরিচালক, সরেজমিন উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা। মাঠ পর্যায়ে বাস্তবায়নের নির্দেশ প্রদানের অনুরোধসহ প্রেরিত হলো।
২. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।
৩. অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, -----অঞ্চল (সকল), আপনার অঞ্চলে কার্যক্রমটি বাস্তবায়নের জন্য বিশেষভাবে জানানো হলো।
৪. উপপরিচালক, আইসিটি ব্যবস্থাপনা, পরিকল্পনা, প্রকল্প বাস্তবায়ন ও আইসিটি উইং, খামারবাড়ি, ঢাকা, ওয়েব সাইটে প্রকাশের জন্য।